**পল্লী সঞ্চয় ব্যাংক**
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭,৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd
**সঞ্চয় ও ঋণ বিভাগ**

স্মারক নং: পসব্য/প্রকা/পরি-২২(অংশ-৩)/২০২৪-২৫/৪০৩ তারিখ: ১০/০৪/২০২৫ খ্রি:

সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও
শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়: সমিতির ভালো সদস্যগণকে পুরস্কার প্রদান নীতিমালা-২০২৫ জারিকরণ।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

ব্যাংকের সমিতির ভালো সদস্যগণকে মূল্যায়ন, অপেক্ষাকৃত কম সক্রিয় সদস্যগণকে ঋণ পরিশোধে উৎসাহিত করা, সমিতির কার্যক্রম আরো গতিশীল করা এবং ব্যাংক ও সমিতির সদস্যগণের মধ্যে পারস্পরিক সম্পর্কের উন্নতি ঘটানোর মাধ্যমে ব্যাংকের উদ্দেশ্য পূরণকল্পে সমিতির ভালো সদস্যগণকে পুরস্কার প্রদানের নিমিত্ত পল্লী সঞ্চয় ব্যাংক পরিচালনা বোর্ডের ১৩/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১২৮ তম সভায় সমিতির ভালো সদস্যগণকে পুরস্কার প্রদান নীতিমালা-২০২৫ অনুমোদন করা হয়েছে, যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্দ্বারা জারি করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

১০/০৪/২০২৫

**(মো: আলা উদ্দিন)**
মহাব্যবস্থাপক

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

স্মারক নং: পসব্য/প্রকা/পরি-২২(অংশ-৩)/২০২৪-২৫/৪০৩ তারিখ: ১০/০৪/২০২৫ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। দলনেতা, নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয় (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৮। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অফিস নথি।

10.04.25

**(মো: রুহুল আমিন)**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**পল্লী সঞ্চয় ব্যাংক**
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

**সঞ্চয় ও ঋণ বিভাগ**

## সমিতির ভালো সদস্যগণকে পুরস্কার প্রদান নীতিমালা-২০২৫

আমার বাড়ি আমার খামার প্রকল্পের স্থায়ীরূপ পল্লী সঞ্চয় ব্যাংক গঠনের অন্যতম উদ্দেশ্য হলো নিজস্ব কৃষি খামারের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীকে স্বাবলম্বী করা ও দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে প্রচলিত ক্ষুদ্র ঋণের পরিবর্তে দরিদ্র মানুষকে ক্ষুদ্র সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের মাধ্যমে স্থায়ী পুঁজি/ তহবিল গঠন করে তা থেকে সমিতির উপকারভোগী সদস্যগণকে ঋণ সহায়তা প্রদান করা। বর্তমানে সুবিশাল এই দরিদ্র উপকারভোগীগণই ব্যাংকের প্রাণ এবং ক্ষুদ্র সঞ্চয় মডেল বাস্তবায়নের মূল পরিচালক। যে সকল সদস্য নিয়মিত ঋণ গ্রহণকরত কিস্তি পরিশোধ করেন, সঠিক প্রকল্পে বিনিয়োগ করেন এবং ব্যাংকের উদ্দেশ্য পূরণকল্পে ভূমিকা রাখেন তাদের আমরা সমিতির ভালো সদস্য বলে অভিহিত করি। ভালো সদস্য মূল্যায়নের নিমিত্ত সমিতির ভালো সদস্যগণকে পুরস্কার প্রদান নীতিমালা-২০২৫ (খসড়া) প্রণয়ন করে ১৩/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ১২৮ তম সভায় উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক তা চূড়ান্তভাবে অনুমোদিত হয়। অনুমোদিত নীতিমালা নিম্নরূপ:

২.০ শিরোনাম: এ নীতিমালা সমিতির ভালো সদস্যগণকে পুরস্কার প্রদান নীতিমালা-২০২৫ নামে অভিহিত হবে।
৩.০ উদ্দেশ্য:

- সমিতির ভালো সদস্যগণকে মূল্যায়ন করা;
- সমিতির অপেক্ষাকৃত কম সক্রিয় সদস্যগণকে ঋণ পরিশোধে উৎসাহিত করা;
- সমিতিগুলোকে আরো গতিশীল করে তোলা;
- ব্যাংক এবং সমিতির সদস্যগণের মধ্যে পারস্পরিক সম্পর্কের উন্নতি ঘটানো।

৪.০ পুরস্কার প্রাপ্তির শর্তাবলী:

প্রতি অর্থবছর জুন মাস অন্তে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক সমিতির ভালো সদস্যগণকে চিহ্নিত করতে হবেঃ

৪.১ গ্রাহকের ঋণ হিসাব সংশ্লিষ্ট বছরের জুন মাস পর্যন্ত এবং অব্যবহিত পূর্ববর্তী ৪ টি ত্রৈমাসিকে নিয়মিত ও অশ্রেণীকৃত স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে এবং ঋণ হিসাবে লেনদেন সন্তোষজনক হলে সংশ্লিষ্ট সদস্যগণ ভালো সদস্য হিসেবে বিবেচিত হবেন।

৪.২ যেসকল ঋণের মেয়াদ ১২ মাসের কম সেসকল ঋণের হিসাব সংশ্লিষ্ট বছরের জুন মাস পর্যন্ত এবং অব্যবহিত পূর্ববর্তী সময়ে গৃহীত ঋণ নিয়মিত ও অশ্রেণীকৃত স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে এবং ঋণ হিসাবগুলোর লেনদেন সন্তোষজনক হলে সংশ্লিষ্ট সদস্য ভালো সদস্য হিসেবে বিবেচিত হবেন।

৪.৩ যৌক্তিক কারণে ঋণ প্রথমবার পুনঃতফসিলের মাধ্যমে নিয়মিত করা হলে উপরে বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত সদস্যকে ভালো সদস্য হিসেবে বিবেচনা করা যাবে। তবে সংশ্লিষ্ট অর্থবছরের মধ্যে ঋণটি পুনঃতফসিল হলে উক্ত সদস্য পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

৪.৪ সদস্যকে নিয়মিত সঞ্চয় প্রদানকারী হতে হবে।

৪.৫ ব্যাংকের উঠান বৈঠক এবং সার্বিক কার্যক্রম সংক্রান্ত অনুষ্ঠানে নিয়মিত উপস্থিত থাকতে হবে।

৪.৬ কৃষি/ উৎপাদনশীল খাতে বিনিয়োগ করেছে এমন উপকারভোগী সদস্যগণ অগ্রাধিকার প্রাপ্য হবেন।

চলমান পাতা-০২

৫.০ পুরস্কার সংক্রান্ত নির্দেশনাসমূহ:

৪নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী অনুযায়ী সমিতির কোন সদস্য ভালো সদস্য হিসেবে বিবেচিত হলে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবেঃ

৫.১ তিন বছর বা তদূর্ধ্ব সময়কাল ধরে সমিতির ভালো সদস্য হিসেবে চিহ্নিতদের ছবি, প্রোফাইল ইত্যাদি ব্যাংক কর্তৃক প্রকাশিত বিশেষ বুকলেট/ম্যাগাজিনে প্রকাশ করা যেতে পারে। এক্ষেত্রে প্রথম প্রকাশের ক্ষেত্রে ভালো সদস্যগণের সংখ্যা অধিক হলে অপেক্ষাকৃত দীর্ঘসময় ধরে যে সকল সদস্য ভালো সদস্য হিসেবে চিহ্নিত হবেন তাদের নাম বিশেষ বুকলেট/ ম্যাগাজিনে অন্তর্ভুক্তকরণে অগ্রাধিকার পাবে।

৫.২ ব্যাংকের প্রধান কার্যালয়/ বিভাগীয় পর্যায়/ জেলা (আঞ্চলিক) কার্যালয়ে বার্ষিক অনুষ্ঠানের মাধ্যমে অন্যান্য সদস্যগণের উপস্থিতিতে ভালো সদস্যগণের স্বীকৃতি/ পুরস্কার (সার্টিফিকেট ও ক্রেস্ট) এবং ৫০০০/-(পাঁচ হাজার) টাকা মূল্যমানের প্রাইজবন্ড/ নগদ অর্থ প্রদানকরত সম্মাননা জ্ঞাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.৩ অনুচ্ছেদ ৫.২ এ বর্ণিত ভালো সদস্যগণের সম্মাননা অনুষ্ঠানে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫.৪ প্রতিবছর জুন মাস অন্তে জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শাখার (প্রতি শাখার সর্বোচ্চ ৩ জন করে) ভালো সদস্যগণের তালিকা শাখা ব্যবস্থাপক হতে গ্রহণপূর্বক সংযুক্ত ছক (ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তনযোগ্য) মোতাবেক প্রধান কার্যালয়ের শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন।

৫.৫ জেলা (আঞ্চলিক) কার্যালয় হতে প্রেরিত তালিকা হতে শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যাচাই-বাছাই করে শর্ত পূরণ সাপেক্ষে প্রতি শাখা হতে ১ (এক) জন ভালো সদস্যকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করবেন যা ব্যবস্থাপনা পরিচালক অনুমোদন করবেন।

৬.০ উক্ত নীতিমালা অনুযায়ী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পুরস্কার প্রদান সংক্রান্ত ব্যয়সহ যাবতীয় কার্যক্রম প্রক্রিয়াকরণ/সম্পাদন করবেন।

৭.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০/০৪/২০২৫

অনুমোদনক্রমে,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

(মো: আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক

**পল্লী সঞ্চয় ব্যাংক**

**……………………………জেলা।**

| ক্র.নং | বিভাগের নাম | জেলার নাম | শাখার নাম | সদস্যগণের নাম | ঋণ হিসাব নম্বর | পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে সদস্যের ঋণের স্ট্যাটাস (UC/Standard/SMA/SS/DF/BL) | | | | বিগত ১২ মাসের মধ্যে ঋণটি পুনঃতফসিল করা হয়েছে কিনা? (হ্যাঁ/না) | সদস্যের বিশেষ সঞ্চয়ী হিসাব নম্বর | মূল্যায়ন বছরে সঞ্চয়কৃত টাকার পরিমাণ | উঠান বৈঠকে নিয়মিত উপস্থিত থাকেন কিনা? (হ্যাঁ/না) | কৃষি/ উৎপাদনশীল খাতে বিনিয়োগ করেছেন কিনা? (হ্যাঁ/না) | কত বছর যাবত ভাল সদস্য হিসেবে বিবেচিত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | | | | | | | | | |

মোঃ তানবীর হোসেন পাটোয়ারী
সিনিয়র অফিসার

মোঃ রুহুল আমিন
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

মোঃ [illegible] উদ্দিন
মহাব্যবস্থাপক